

বাণিজ্যিক শ্রেণির গ্রাহকদের নতুন গ্যাস সংযোগ প্রক্রিয়া

আবেদনপত্র সংগ্রহের পদ্ধতিঃ

১. কোম্পানীর সংশ্লিষ্ট কার্যালয়/গ্রাহক সেবা বুথ/ওয়ানস্টপ সার্ভিস সেন্টার/ কোম্পানীর ওয়েব সাইট হতে ডাউনলোড করে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।
২. আবেদনপত্র ফি বাবদ টাকা ৩০০/- মাত্র নির্ধারিত ব্যাংক অথবা কোম্পানীর সংশ্লিষ্ট হিসাব শাখার ক্যাশ কাউন্টার এ পরিশোধ করতে হবে।

আবেদনপত্র জমাদান পদ্ধতিঃ

সংগৃহীত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ সংশ্লিষ্ট জোন/আঞ্চলিক কার্যালয়ে জমা দিতে হবে

১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত রশ্মি ছবি।
২. জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
৩. হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি।
৪. টিআইএন সনদপত্র।
৫. জমির মালিকানার দালিলিক প্রমাণ হিসেবে দলিল/নামজারীর কাগজ (যে কোন একটি)।
৬. দাখিলা/ভূমি উন্নয়ন কর পরিশোধের রসিদ (যে কোন একটি)।
৭. ভাড়াকৃত স্থানে স্থাপিত হলে ভাড়ার চুক্তিপত্র।
৮. ভাড়াটিয়া গ্রাহক গ্যাস বিল পরিশোধে ব্যর্থ হলে এবং অবৈধ কার্যক্রমে লিপ্ত থাকলে বাড়ীর মালিক এতদসংক্রান্ত দায়ভার বহন করবে মর্মে নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত একটি অঙ্গীকারনামা প্রদান করতে হবে।
৯. প্রস্তাবিত অভ্যন্তরীণ পাইপ লাইনের ৪(চার) কপি নক্সা।
১০. গ্যাস সরঞ্জামাদির কারিগরী ক্যাটালগ (প্রযোজ্য ক্ষেত্রে)। বয়লার ও জেনারেটরের ন্যূনতম দক্ষতা যথাক্রমে ৮২% ও ৩৫% হতে হবে।
১১. প্রস্তাবিত স্থানে চালু/বিচ্ছিন্নকৃত গ্যাস সংযোগের বিপরীতে গ্যাস বিপণন কোম্পানীর সমুদয় পাওনা পরিশোধ সংক্রান্ত রাজস্ব ছাড়পত্র।
১২. প্রযোজ্য ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র।
১৩. আবেদন ফি জমা বাবদ ৩০০/- টাকা জমাদানের রসিদ।
১৪. ঠিকাদার নিয়োগ পত্র।

পুনঃসংযোগ এবং ব্যয়ঃ

গ্রাহকের আবেদনের পরিপ্রেক্ষিতে অস্থায়ীভাবে সংযোগ বিচ্ছিন্ন, খেলাপী অবৈধ কার্যকলাপের জন্য বিচ্ছিন্ন গ্যাস সংযোগ পুনরায় গ্রহণের জন্য গ্রাহক শ্রেণী ও অবস্থা অনুযায়ী নির্ধারিত হারে পুনঃসংযোগ ব্যয় পরিশোধ করতে হবে। তবে লে-অফ/লকআউট এর ক্ষেত্রে এ ব্যয় প্রযোজ্য হবে না।

গ্যাস লোড হ্রাস/বৃদ্ধিঃ

এ শ্রেণীর গ্রাহকের লোড হ্রাস/বৃদ্ধির প্রক্রিয়াকরণের ধাপগুলো নিম্নরূপঃ

- ১। লোড হ্রাস/বৃদ্ধির জন্য গ্রাহককে নির্ধারিত ছকে আবেদন পত্র সংগ্রহপূর্বক যথাযথভাবে পূরণ করে আবেদনপত্রে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট জোন/কার্যালয় প্রধানের নিকট জমা প্রদান করতে হবে।

- ২। সংশ্লিষ্ট জোন/কার্যালয় প্রধান অথবা তার মনোনীত কর্মকর্তা কর্তৃক গ্রাহকের আবেদনপত্র প্রাপ্তির পরবর্তী ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন ও লোড হ্রাস/বৃদ্ধির সম্ভাব্যতা যাচাই করবে।
- ৩। পরিদর্শনের ২ (দুই) কার্যদিবসের মধ্যে প্রযোজ্য ক্ষেত্রে বিগত ২ (দুই) বছরের গ্যাস ব্যবহারের খতিয়ান ও প্রাসঙ্গিক তথ্য উপাত্ত (যেমন বিগত সময়ে অপসারিত মিটার পরীক্ষণ ফলাফল, বর্তমানে ব্যবহৃত মিটারে/মিটারের সীলের ত্রুটি/বিচ্যুতি, লোড হ্রাস/বৃদ্ধির যৌক্তিকতা ইত্যাদি) সহ প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর উত্থাপন করতে হবে। কারিগরিভাবে অগ্রহণযোগ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অবহিত করে বিষয়টি পরিদর্শন পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে গ্রাহককে অবহিত করতে হবে।
- ৪। কোম্পানীর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন লাভের পরবর্তী ২ (দুই) কার্যদিবসের মধ্যে প্রয়োজনীয় শর্তাদি উল্লেখপূর্বক তা প্রতিপালনের অনুরোধ জানিয়ে গ্রাহককে পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে নিরাপত্তা জামানতের চাহিদা পত্র প্রদান করতে হবে।
- ৫। হালনাগাদ গ্যাস বিল পরিশোধ ও চাহিদাপত্র অনুযায়ী অর্থ জমাদান বিষয়ে সংশ্লিষ্ট রাজস্ব শাখা/বিভাগের ছাড়পত্র গ্রহণসহ চাহিদাকৃত সকল শর্ত প্রতিপালন করতে হবে।
- ৬। রাজস্ব ছাড়পত্র প্রাপ্তিসহ অন্যান্য শর্ত প্রতিপালনের পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে প্রযোজ্য ক্ষেত্রে ওয়ার্কিং ড্রইং অনুমোদন সহ সার্ভিস লাইন পরিবর্তন/রাইজার স্থানান্তর/সার্ভিস লাইন ভিন্ন বিতরণ লাইনে স্থানান্তর ইত্যাদি ক্ষেত্রে প্রয়োজনীয় মালামালের মূল্য সংশ্লিষ্ট বিভাগ/শাখা কর্তৃক আদায় করতে হবে।
- ৭। প্রযোজ্য ক্ষেত্রে গ্রাহকের নিকট হতে সংশ্লিষ্ট রাস্তা কাটার অনুমতি পত্র গ্রহণ করে কোম্পানীর প্রতিনিধির তত্ত্বাবধানে কোম্পানী কর্তৃক নিয়োজিত রাইজার ঠিকাদারের মাধ্যমে সার্ভিস লাইন এবং প্রযোজ্য ক্ষেত্রে গ্রাহক নিয়োজিত ঠিকাদারের মাধ্যমে অভ্যন্তরীণ লাইন নির্মাণের কাজ সমাপ্ত করতে হবে। অভ্যন্তরীণ লাইন পর্যাপ্ত সাপোর্টসহ দেয়ালে বা মাটির উপরে এমনভাবে নির্মাণ করতে হবে যেন তা নিরাপদ ও সহজে দৃশ্যমান হয়।
- ৮। পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে কোম্পানীর উপযুক্ত কর্মকর্তার উপস্থিতিতে পার্জি (পাইপ লাইনের আভ্যন্তরীণ অংশ পরিষ্কার) ও টেস্টিং (চাপ পরীক্ষা) এর কাজ সম্পন্ন করতে হবে।
- ৯। গ্রাহক ও তার নিয়োজিত ঠিকাদার কর্তৃক যৌথ স্বাক্ষরিত As built Drawing জমা দেয়ার ৩ (তিন) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা গ্রাহক আঙ্গিনা পরিদর্শন করে অনুমোদন অনুযায়ী নক্সা মোতাবেক গ্যাস লাইন ও স্থাপনা, স্থাপনার ক্ষমতা/বার্নারের অরিফিসের আকার নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট শাখা প্রধান কর্তৃক নক্সা অনুমোদন করতে হবে। অন্যথায় এর কোন ব্যতিক্রম হলে অনুমোদনকারীর নিকট প্রতিবেদন দাখিল করতে হবে।
- ১০। যথাযথভাবে পূরণকৃত গ্রাহক ও ঠিকাদারের যৌথ স্বাক্ষরিত কার্যসমাপনী প্রতিবেদন গ্রহণ করতে হবে।
- ১১। গ্রাহকের সাথে যথাযথভাবে পূরণকৃত গ্যাস বিক্রয় চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
- ১২। চুক্তিপত্র সম্পাদনের ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে প্রযোজ্য ক্ষেত্রে নবনির্মিত সার্ভিস লাইন কমিশন ও পুরাতন সার্ভিস লাইন কিল করে আরএমএস স্থাপন করতে হবে।
- ১৩। লোড হ্রাস বৃদ্ধির জন্য আরএমএস/সিএমএস পরিবর্তনের প্রয়োজন না হলে কার্যসমাপনীর তারিখ ও আরএমএস/সিএমএস পরিবর্তনের প্রয়োজন হলে তা পরিবর্তনের তারিখ হতে লোড হ্রাস/বৃদ্ধি কার্যকরী করার লক্ষ্যে কম্পিউটার বিভাগকে ৩ (তিন) কার্যদিবসের মধ্যে অবহিত করতে হবে।